

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৭৭

আগরতলা, ৩ সেপ্টেম্বর, ২০১৯

বিধানসভা সংবাদ

৪টি মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপনের
পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে : মুখ্যমন্ত্রী

নতুন করে তেলিয়ামুড়া, কাঞ্চনপুর, অমরপুর এবং সারুম মহকুমা হাসপাতালে ব্লাডব্যাঙ্ক স্থাপন করার পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে। এছাড়াও চারটি জেলা হাসপাতালে ট্রমা কেয়ার সেন্টার স্থাপন করারও পরিকল্পনা রয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক নির্মল বিশ্বাসের এক প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে বর্তমানে ১১টি সরকারি হাসপাতাল এবং ২টি বেসরকারি হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক রয়েছে। এছাড়া এ জি এম সি এবং জি বি পি হাসপাতালে ট্রমা কেয়ার সেন্টার চালু রয়েছে। মুখ্যমন্ত্রী জানান, ধলাই জেলা, উত্তর ত্রিপুরা জেলা, গোমতী জেলা এবং দক্ষিণ ত্রিপুরা জেলা হাসপাতালে ট্রমা কেয়ার সেন্টার স্থাপন করার পরিকল্পনা রয়েছে।
